# 30 election zones for women JS seats announced

By A Staff Reporter

The Election Commission has divided Bangladesh into 30 zones for the purpose of the forthcoming elections to the Jatiya Sangsad for the seats reserved exclusively for women.

A Press release issued by the Bangladesh Election Commission says: In exercise of the powers conferred by Article 3 of the Representation of the People (Seats for women members) Order, 1973, as ammended, the Election Commission has divided the country into 30 zones for the purpose of election to the seats reserved exclusively for women-members in the Parliament.

The zones are as follows:

WOMEN SEAT—I: Dinajpur district

WOMEN SEAT—II: Nilphamari and Sadar Subdivisions of Rangpur district.

WOMEN SEAT—III: Kurigram and Gaibandha Sub-Divisions of Rangpur district.

WOMEN SEAT—IV: Bogra district.

WOMEN SEAT—V: Pabna district.

WOMEN SEAT—VI: Nawabganj and Sadar Sub-Divisions of Rajshahi district.

WOMEN SEAT—VII: Naogaon and Natore Sub-Divisions of Rajshahi district.

WOMEN SEAT—VIII: Kushtia district.

WOMEN SEAT—IX: Jhenaidaha, Magura and Narail Sub-Divisions of Jessore district.

WOMEN SEAT—X: Sadar Sub-Division of Jessore district and Satkhira Sub-Division of Khulna district.

WOMEN SEAT—XI: Bagerhat and Sadar Sub-Divisions of Khulna district.
Sub-Division of Khulna district.

WOMEN SEAT—XII: Patuakhali district.

WOMEN SEAT—XIII: Bhola and Sadar North Sub-Divisions of Bakerganj district.

WOMEN SEAT—XIV: Sadar South, Jhalakati and Pirojpur Sub-Divisions of Bakerganj Sub-Divisions of Bakherganj district.

WOMEN SEAT—XV: Tangail district.

WOMEN SEAT—XVI: Jamalpur district.

WOMEN SEAT—XVII: Sadar North and Sadar South Sub-Divisions of Mymensingh district.

WOMEN SEAT—XVIII: Netrokona and Kishoreganj Sub-Divisions of Mymensingh district.

WOMEN SEAT—XIX: Manikganj and Sadar Sub-Divisions of Dacca district.

WOMEN SEAT—XX: Gazipur and Narsingdi Sub-Divisions of Dacca district.

WOMEN SEAT—XXI: Narayanganj and Munshiganj Sub-Divisions of Dacca district.

WOMEN SEAT—XXII: Goalundu and Sadar Sub-Divisions of Faridpur district.

WOMEN SEAT—XXIII: Shariatpur, Madaripur and Gopalganj Sub-Divisions of Faridpur district.

WOMEN SEAT—XXIV: Sunamganj and Sadar Sub-Divi-

---



## সকল মন্ত্রী নির্বাচিত

বাসস জানায়, ২১ জন মন্ত্রীর সকলেই নির্বাচিত হইয়াছেন। নির্বাচিত মন্ত্রীরা হইতেছেন: সিনিয়রমন্ত্রী জনাব মশিয়ুর রহমান, শাহ আজিজুর রহমান, জনাব আবদুল মোমেন খান, মেজর জেনারেল (অবঃ) এম মাজেদুল হক, ক্যাপ্টেন (অবঃ) আবদুল হালিম চৌধুরী, লেঃ কর্ণেল (অবঃ) এ, এস, এম মুস্তাফিজুর রহমান, জনাব সাইফুর রহমান, জনাব জামালউদ্দিন আহমদ, ডাঃ এ.কিউ,এম, বদরুদ্দোজা চৌধুরী, ক্যাপ্টেন (অবঃ) নূরুল হক, জনাব শামসুল হুদা চৌধুরী, জনাব মওদুদ আহমদ, জনাব এস এ বারী এটি, মীর্জা গোলাম হাফিজ, কে, এম ওবায়দুর রহমান, জনাব আবদুল আলীম, জনাব হাবিবুল্লাহ খান, লেঃ কর্ণেল (অবঃ) আকবর হোসেন এবং প্রতিমন্ত্রী ডাঃ এম, এ মতিন ও জনাব আবদুল বাতেন।

## আওয়ামী লীগ (মালেক)-এর নির্বাচিত নেতৃবৃন্দ

আওয়ামী লীগের (মালেক) যে সকল নেতা বিজয়ী হইয়াছেন, তাঁহারা হইলেন: মোল্লা জালাল উদ্দিন, মিঃ ফণী ভূষণ মজুমদার, জনাব আবদুল মোমেন, জনাব আসাদুজ্জামান খান ও জনাব মহিউদ্দিন আহমদ। আওয়ামী লীগের (মালেক) যে সকল নেতা পরাজিত হইয়াছেন তাঁহারা হইলেন: জনাব কোরবান আলী, জনাব আবদুল মান্নান, ও তোফায়েল আহমদ। প্রাক্তন ৪ জন রাষ্ট্রদূত মিঃ মনোরঞ্জন ধর (মালেক), জনাব এম আর সিদ্দিকী (মালেক), সৈয়দ আবদুস সুলতান রাজা (মিজান) ও জনাব শামসুল হক পরাজিত হইয়াছেন। আওয়ামী লীগের (মিজান) সাধারণ সম্পাদক অধ্যাপক ইউসুফ আলীও পরাজিত হইয়াছেন।

## মহিলা প্রার্থীদের কেহই নির্বাচিত হন নাই

এনা জানায়, সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী ১৫ জন মহিলা প্রার্থীর কেহই নির্বাচিত হইতে পারেন নাই। উল্লেখযোগ্য, মহিলা প্রার্থীদের মধ্যে রহিয়াছেন: আমেনা বেগম (জাতীয়দল (প্রধান), প্রাক্তন প্রতিমন্ত্রী বেগম নুরজাহান মোর্শেদ (আঃ লীগ, মালেক), দুইজন প্রাক্তন এমপি সাজেদা চৌধুরী (মালেক) ও অধ্যাপিকা আজরা আলী (আঃলীগ, মিজান) এবং জাসদের মমতাজ বেগম।

## এক নজরে নির্বাচন

| | |
|---|---|
| বিএনপি— | ২০৩টি আসন |
| আওয়ামী লীগ (মালেক)— | ৪০ ,, |
| মুসলিম লীগ- ও আইডিএল— | ১৯ ,, |
| জাসদ— | ৮ ,, |
| আওয়ামী লীগ (মিজান)— | ২ ,, |
| গণ-ফ্রন্ট— | ২ ,, |
| জাতীয় লীগ— | ২ ,, |
| মোঃ ছাপ— | ১ ,, |
| গণতান্ত্রিক আন্দোলন— | ১ ,, |
| স্বতন্ত্র— | ১৬ ,, |
| | ২৯৪ ,, |
| ফলাফল পাওয়া যায় নাই— | ৬ ,, |
| মোট— | ৩০০ ,, |

## জামালপুরে ১৪৪ ধারা জারি

(নিজস্ব সংবাদদাতার ফোন)

জামালপুর, ১৯শে ফেব্রুয়ারী- জামালপুর -৫ নির্বাচনী এলাকার ঘোষিত ফলাফলকে কেন্দ্র করিয়া বিএনপি ও আওয়ামী লীগ (মালেক) কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দিলে আজ বিকাল সাড়ে ৩টায় জামালপুর শহরে ১৪৪ ধারা জারি করা

(৮ম পৃঃ ৬ এর কঃ দ্রঃ)

## জামালপুরে ১৪৪ ধারা

(১ম পৃঃ পর)

হয়। এদিকে এই ফলাফল লইয়া বির্তকের সৃষ্টি হওয়ায় রিটার্নিং অফিসার ফলাফল ঘোষণা স্থগিত রাখিয়াছেন।

জানা গিয়াছে যে, গত রবিবার রাত্রি দেড়টায় আওয়ামী লীগ (মালেক) প্রার্থী মেজর জেনারেল (অবঃ) খলিলের উপস্থিতিতে উক্ত এলাকার ভোট গণনা সমাপ্ত করিয়া ফলাফল ঘোষণা করা হয় এবং এই ফলাফলে মেজর জেনারেল (অবঃ) খলিলকে (ভোট-১৮২৩৬) বেসরকারীভাবে নির্বাচিত ঘোষণা করা হয়। তাঁহার নিকটতম প্রতিদ্বন্দ্বি ছিলেন বিএনপি'র সৈয়দ আবদুস সোবহান। তিনি ঐ সময় সর্বমোট ১৭ হাজার ২ শত ৩৬ ভোট পাইয়াছেন বলিয়া ঘোষণা করা হয়। এই ফলাফল ঘোষণা করার সময় জামালপুরের জেলা প্রশাসকও তথায় উপস্থিত ছিলেন। এই ফলাফল পরে রেডিও টেলিভিশন হইতেও প্রচার করা হয়। পরে জেনারেল (অবঃ) খলিলের সমর্থকরা রাত্রি সাড়ে ৩ টায় এক আনন্দ মিছিল বাহির করে।

আজ সকাল সাড়ে ৬টায় রিটার্নিং অফিসার নূতন করিয়া ভোট গণনা করেন এবং এই গণনায় বিএনপি প্রার্থী সৈয়দ আবদুস সোবহান ভোট লাভ করেন সর্বমোট ২৯ হাজার ৪ শত ৬৭টি ভোট এবং মেজর (অবঃ) খলিল লাভ করেন ২৯ হাজার ২ শত ৭টি ভোট। এই গণনায় জনাব সোবহান জেনারেল খলিল অপেক্ষা ২ শত ৬০ ভোট অধিক পাওয়ায় তাঁহাকে নির্বাচিত ঘোষণা করা হয়। এই ঘোষণার ফলে শহরে দুই দলের পক্ষ হইতেই মিছিল আর পাল্টা মিছিল বাহির হইতে থাকে। ফলে শহরে উত্তেজনাকর অবস্থার সৃষ্টি হইলে জেলা প্রশাসনের পক্ষ হইতে ১৪৪ ধারা জারি করা হয়।

আজ রাত্রি ৯টায় পুনরায় এই আসনে ভোট গণনা করা হয়। এই গণনায় বিএনপি প্রার্থী জনাব সোবহান ২৯ হাজার ৪ শত ৭০ ভোট এবং জেনারেল (অবঃ) খলিল ২৯ হাজার ২ শত ৯ ভোট লাভ করেন। এমনি অবস্থায় স্থানীয় কর্তৃপক্ষ ফলাফল ঘোষণা স্থগিত রাখিয়াছেন।

এদিকে আজ বিকালে স্থানীয় দয়াময়ী পার্কে ১৪৪ ধারা ভঙ্গ করিয়া আওয়ামী লীগ (মালেক) প্রার্থী জেনারেল খলিল এক জনসভার আয়োজন করেন। এই জনসভায় তিনি নির্বাচনে কারচুপির ব্যাপারে সরকারী কর্মচারীরা প্রত্যক্ষভাবে যুক্ত বলিয়া অভিযোগ করেন।

বিএনপি প্রার্থী সৈয়দ সোবহানের বাড়ীতে একদল লোক সকালে প্রচুর ইটপাটকেল নিক্ষেপ করে। তাঁহার বাড়ীতে নিরাপত্তার খাতিরে পুলিশ মোতায়েন করা হইয়াছে।